



## বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

০৮১৬৬

নং- বামাশিবো/প্রশা/কুমিল্লা-২৩৮/ ৬১১

তারিখঃ ০৮/০৮/২০১৭খ্রিঃ

বিষয়ঃ বিধি মোতাবেক সুপার নিয়োগকরণ প্রসঙ্গে।

- সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৪২.১৯০৯.০৩৩.০০.০০.০২৪.২০১৭-৫৩২; তারিখঃ ০৩.০৫.২০১৭খ্রিঃ  
২) নং- বামাশিবো/প্রশা/কুমিল্লা-২৩৮/১৪৪; তারিখঃ ০৯/০২/২০১৭খ্রিঃ  
৩) ডিও পত্র নং-৫২১/মাদরাসা শিক্ষা/২১; তারিখঃ ১৭/০১/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার বরুড়া উপজেলাধীন ঝাপুয়া আশরাফিয়া ইসলামিয়া দাখিল মাদরাসার সুপার নিয়োগে দুর্নীতি, জালিয়াতি ও অনিয়মের বিষয়ে মাননীয় সংসদ সদস্য, ২৫৬ কুমিল্লা-৮ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম মিলন সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে অভিযোগ সম্বলিত ডিও পত্র প্রেরণ করেন। এছাড়া ডিও পত্রে বর্ণিত অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়।

সুপার নিয়োগে দুর্নীতি, জালিয়াতি ও অনিয়মের অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ করার সূত্রে উল্লিখিত ২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, বরুড়া, কুমিল্লাকে পত্র দেয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বরুড়া, কুমিল্লা এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রোক্ত ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, পূর্বের কমিটি নিয়োগ বাছাই উপ-কমিটির সুপারিশ বাস্তবায়ন না করে ২৫/০৬/২০১৬ তারিখের ২০/২০১৬ নং সভার রেজুলেশন করে সর্বসম্মতিক্রমে বাতিল ঘোষণা করে। নতুন কমিটির পক্ষে উক্ত নিয়োগ প্রদান করার কোন সুযোগ থাকতে পারে না মর্মে নতনভাবে সুপার পদে নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে সুপার নিয়োগ সম্পন্ন করার সুপারিশ করেছেন।

বর্ণিত অবস্থায় বিধি মোতাবেক সুপার নিয়োগ সম্পন্ন করে বোর্ডকে অবহিত করার জন্য ম্যানেজিং কমিটির সভাপতি ও মাদরাসার ভারপ্রাপ্ত সুপারকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৮.০৮.১৭

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

৯/৮/১৭

- প্রাপকঃ ১) সভাপতি, ম্যানেজিং কমিটি, ঝাপুয়া আশরাফিয়া ইসলামিয়া দাখিল মাদরাসা, বরুড়া, কুমিল্লা।  
২) সুপার (ভারপ্রাপ্ত), ঝাপুয়া আশরাফিয়া ইসলামিয়া দাখিল মাদরাসা, বরুড়া, কুমিল্লা।

নং- বামাশিবো/প্রশা/কুমিল্লা-২৩৮/ ৬১১

তারিখঃ ০৮/০৮/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, বরুড়া, কুমিল্লা।
২. মাননীয় সংসদ সদস্যের ব্যক্তিগত সচিব, ২৫৬ কুমিল্লা-৮, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৩. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪